# বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১

## The Bangladesh Civil Service Recruitment Rules, 1981

(S.R.O: 1-L/81/ED/(R-II)R-70/80, 1st January, 1981)

(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি; উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে বিধিমালাটি প্রণয়ন করেন।)

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।-এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ নামে অভিহিত।

২। **সংজ্ঞা**।-"কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং "শিক্ষানবিশ" অর্থ শিক্ষানবিশ হিসাবে নিয়োজিত কোন ব্যক্তি।

৩। **নিয়োগের পদ্ধতি**।-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ অনুচ্ছেদের (৩) দফার সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা সাপেক্ষে এই বিধিমালার তফসিল-২ এর বিধান অনুসারে চাকরিতে নিয়োগদান করিতে হইবে।

**বিশ্লেষণ** : সংবিধানের ২৯ অনুচ্ছেদের (৩) দফায় বাংলাদেশের নাগরিকের কোন অনগ্রসর অংশের বা কোন ধর্মীয় বা উপ-সম্প্রদায়ের বা কোন নারী বা পুরুষের জন্য পদ সংরক্ষণ সংক্রান্ত বিধান রহিয়াছে। উক্ত বিধান অনুসারে সরকার চাকরিতে কোটা সংক্রান্ত নির্দেশনা জারি করিয়া থাকে।

৪। **সরাসরি নিয়োগ**।-(১) কমিশনের সুপারিশ ব্যতীত চাকরিতে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি চাকরিতে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(এ) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন, অথবা

(বি) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন চাকরিতে নিয়োগ করা যাইবে না যতক্ষণ পর্যন্ত না :

(এ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ নিয়োগের জন্য যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা চাকরির দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(বি) এইরূপে বাছাইকৃত ব্যক্তির **পূর্ব** কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন চাকরিতে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি–

(এ) উক্ত চাকরির জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(বি) সরকারী চাকরি বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।-তফসিল-২ এর বিধান সাপেক্ষে সরকার কর্তৃক এই উদ্দেশ্যে গঠিত, প্রযোজ্য ক্ষেত্রে, সুপিরিয়র সিলেকশন বোর্ড ও বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড এর সুপারিশক্রমে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে;

তবে শর্ত থাকে যে :

(এ) নিম্ন শ্রেণীর পদ হইতে ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলের ১১০০০-২০৩৭০/- টাকার পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে;

(বি) কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ না হইলে এবং বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড কর্তৃক যোগ্য বলিয়া বিবেচিত না হইলে, কোন ব্যক্তিকে ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলের ১৮৫০০-২৯৭০০/- টাকার পদে পদোন্নতি দেওয়া যাইবে না;

(সি) বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড কর্তৃক যোগ্য বলিয়া বিবেচিত না হইলে ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলের ২২২৫০-৩১২৫০/-এবং ২৫৭৫০-৩৩৭৫০/ টাকার পদে পদোন্নতি দেওয়া যাইবে না;

(ডি) সুপিরিয় সিলেকশন বোর্ড কর্তৃক যোগ্য বলিয়া বিবেচিত না হইলে, ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলের ২৯০০০-৩৫৬০০/--টাকার ও তদুর্ধ্ব স্কেলের পদে পদোন্নতি দেওয়া যাইবে না;

(ই) সার্ভিস রেকর্ড অসন্তোষজনক হইলে পদোন্নতির জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না; এবং

(এফ) ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলের ২২২৫০-৩১২৫০/- টাকা, ২৫৭৫০-৩৩৭৫০/-টাকা এবং ২৯০০০-৩৫৬০০/- টাকার পদে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তি উক্ত পদের জন্য সরকার নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে যোগ্য বিবেচিত হইতে হইবে, ব্যর্থতার ক্ষেত্রে পূর্ব পদে প্রত্যাবর্তন করানো হইবে।



**বিশ্লেষণ : (১)** মূল বিধিতে কাউন্সিল কমিটি, সুপিরিয়র সিলেকশন বোর্ড বা বিশেষ পদোন্নতি কমিটির উল্লেখ আছে। কিন্তু বর্তমানে উক্ত কমিটিসমূহের পরিবর্তে উক্ত দায়িত্ব সুপিরিয়র সিলেকশন বোর্ড ও বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড পালন করিয়া থাকে।

**বিশ্লেষণ : (২)** মূল (এ) অনুচ্ছেদে এন এন এস ৭৫০-১৪৭০/-টাকা উল্লেখ আছে, যাহা ৯ নং স্কেল।

**বিশ্লেষণ : (৩)** মূল (বি) অনুচ্ছেদে এন এন এস ১৪০০-২২২৫/- টাকা উল্লেখ আছে, যাহা ৬ নং স্কেল। ইহাছাড়া বিশেষ পদোন্নতি কমিটির উল্লেখ আছে। বর্তমানে বিশেষ পদোন্নতি কমিটি নাই। উক্ত কমিটির দায়িত্ব বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড পালন করে।

**বিশ্লেষণ : (৪)** মূল (সি) অনুচ্ছেদে এন এন এস ১৮৫০-২৩৭৫/-টাকা এবং ২১০০-২৬০০/- উল্লেখ আছে, যাহা যথাক্রমে ৫ নং ও ৪ নং স্কেল। ইহাছাড়া সুপিরিয়র সিলেকশন বোর্ড এর উল্লেখ থাকিলেও এই দুইটি পদে পদোন্নতির সুপারিশের দায়িত্ব বর্তমানে বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ডের। অবশ্য ৫ নং স্কেলের সরকারের উপসচিব পদে পদোন্নতির ক্ষেত্রে সুপারিশের দায়িত্ব সুপিরিয়র সিলেকশন বোর্ডের।

**বিশ্লেষণ : (৫)** মূল (ডি) অনুচ্ছেদে এন এন এস ২৩৫০-২৭৫০/ উল্লেখ আছে, যাহা ৩ নং স্কেল। ইহাছাড়া কাউন্সিল কমিটির উল্লেখ আছে। বর্তমানে কাউন্সিল কমিটি নাই। ১ম, ২য় ও ৩য় স্কেলের পদে পদোন্নতির সুপারিশের দায়িত্ব সুপিরিয়র সিলেকশন বোর্ডের।

**বিশ্লেষণ : (৬)** S.R.O. 145-L/85, তারিখ ২৩ মার্চ, ১৯৮৫ দ্বারা (বি) , (সি) ও (এফ) উপ-অনুচ্ছেদ সংশোধন করা হয়।

৬। **শিক্ষানবিশ**।-(১) চাকরির স্থায়ী শূন্য পদে প্রাথমিক নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ স্তরে থাকিবেন-

(এ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে দুই বৎসর; এবং

(বি) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে এক বৎসর:

তবে শর্ত থাকে যে, সরকার এই শিক্ষানবিশীর মেয়াদ অনধিক দুই বৎসর বর্ধিত করিতে পারিবেন।

ব্যাখ্যা : শিক্ষানবিশীর মেয়াদ সমাপ্তির পরবর্তী দিনে কোন আদেশ প্রদান না করা হইলে শিক্ষানবিশীর মেয়াদ বর্ধিত হইয়াছে মর্মে গণ্য হইবে।

(২) শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশীর সংশ্লিষ্ট চাকরিতে বহাল থাকার অযোগ্য হিসাবে বিবেচিত হইলে কমিশনের সহিত পরামর্শ ব্যতিরেকে সরকার–

(এ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগের অবসান করাইতে পারিবেন; এবং

(বি) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল উক্ত পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

**বিশ্লেষণ** : স্মারক নং সম(বিধি-৪)-বিবিধ-৩৯/৯৪-১৫৯, তারিখ : ১৮ আগস্ট, ১৯৯৪ অনুসারে মূল এবং বর্ধিত শিক্ষানবিশীর মেয়াদ (যদি থাকে) শেষ হওয়ার পর সংশ্লিষ্ট কর্মকর্তা চাকরিতে থাকিলে এবং ৬(২) বিধিমতে কোন কার্যক্রম গৃহীত না হইয়া থাকিলে ধরিয়া লওয়া হইবে যে, তাঁহার শিক্ষানবিশীর মেয়াদ সাফল্যের সহিত সমাপ্ত হইয়াছে।

৭। **স্থায়ীকরণ**।-(১) প্রাথমিক নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে–

(এ) বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বা অন্য কোন প্রতিষ্ঠানে এবং সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত বিষয়ে বা ক্ষেত্রে কমপক্ষে চার মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, সরকার বিশেষ অবস্থায় আদেশের দ্বারা বুনিয়াদি প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি বা হ্রাস করিতে পারিবেন;

আরো শর্ত থাকে যে, যে কর্মকর্তা ১ জানুয়ারি, ১৯৮৮ তারিখে বা তদপূর্বে ৪৫ বৎসর বয়সে উপনীত হইয়াছেন, তাঁহার বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণের প্রয়োজন হইবে না; এবং

(বি) বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্নের পর চাকরি-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার নির্ধারিত কোন পেশাভিত্তিক এবং বিশেষায়িত প্রশিক্ষণে অংশগ্রহণ করিতে হইবে।

(২) উপবিধি-(১) এর অধীন প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সম্পন্ন না করিলে এবং সরকারের আদেশ দ্বারা নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হইলে এবং বিধি-৬ এর অধীন শিক্ষানবিশীর মেয়াদ শেষ না হইলে এবং তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক না হইলে সংশ্লিষ্ট চাকরিতে স্থায়ী করা যাইবে না।

(৩) বিলুপ্ত।

(৪) সকল শর্তাদি পূরণ করার পর চাকরিতে নিয়োগের তারিখ হইতে স্থায়ী করিতে হইবে।



**বিশ্লেষণ** : (১) উপ-বিধি-(১) প্রথমে S.R.O. 145-L/85, তারিখ : ২৩ মার্চ, ১৯৮৫ দ্বারা সংশোধন করা হয়।

**বিশ্লেষণ** : (২) উপবিধি-(১) (এ) S.R.O. 145-L/85, তারিখ : ২৩ মার্চ, ১৯৮৫ দ্বারা সংশোধন করা হয় এবং দ্বিতীয় প্রভিসো এস আর ও ৩২৪-আইন/৮৯/সম(বিধি-৫)আর আর ৬৮/৮৮, তারিখ : ২১ সেপ্টেম্বর, ১৯৮৯ দ্বারা সংযোজন করা হয়।

**বিশ্লেষণ** : (৩) উপবিধি-(২) এস আর ও ৩৪৩/আইন/৯০/সম(বিধি-৪)আর আর-৩/৯০, তারিখ : ২ অক্টোবর, ১৯৯০ দ্বারা সংশোধন করা হয়।

**বিশ্লেষণ** : (৪) উপবিধি-(৩) এস আর ও ১৩০/আইন/৯০-সম(বিধি-৪)আর আর-৬০/৯৩, তারিখ : ৪ জুলাই, ১৯৯৩ দ্বারা বিলুপ্ত করা হয়।

**বিশ্লেষণ** : (৫) উপবিধি-(৪) এস আর ও ৩৪৩/আইন/৯০/সম(বিধি-৪)আর আর-৩/৯০, তারিখ : ২ অক্টোবর, ১৯৯০ দ্বারা সংযোজন করা হয়।

৭এ। **বন্ড প্রদান**।-(১) সরাসরি নিয়োগের মাধ্যমে প্রাথমিক নিয়োগপ্রাপ্ত ব্যক্তি প্রশিক্ষণ গ্রহণ করার পূর্বে একজন জামিনদারসহ এইমর্মে বন্ড প্রদান করিবেন যে, শিক্ষানবিশ চলাকালে বা উহার পরবর্তী তিন বৎসরের মধ্যে চাকরি হইতে পদত্যাগ করিলে বেতন বা ভাতাদি বাবদ প্রদত্ত অর্থ এবং প্রশিক্ষণের নিমিত্তে ব্যয় হইয়াছে মর্মে সরকার যে পরিমাণ অর্থ নির্ধারণ করিবেন, তাহা ফেরত দিবেন।

(২) যদি কোন ব্যক্তি পদত্যাগপত্র দাখিল ব্যতিরেকে বা ইহা গৃহীত হওয়ার পূর্বে বা উপবিধি (১) এর অধীনে অর্থ ফেরত প্রদানের পূর্বে কর্মে অনুপস্থিত থাকেন, তাহা হইলে তিনি স্বেচ্ছায় কর্ম ত্যাগ করিয়াছেন মর্মে গণ্য হইবেন এবং উপবিধি-(১) অধীন প্রাপ্য অর্থ তাঁহার নিকট হইতে সরকারী পাওনা আদায় আইন, ১৯১৩ (১৯১৩ সনের ৩ নং আইন) এর বিধান অনুসারে আদায়যোগ্য হইবে।

**বিশ্লেষণ** : S.R.O. 145-L/85, তারিখ : ২৩ মার্চ, ১৯৮৫ দ্বারা বিধি-৭এ সংযোজন করা হয়।

৮। **শিথিলকরণ**।-(১) এই বিধিতে যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন–

(এ) রাষ্ট্রপতি সুপিরিয়র সিলেকশন বোর্ডের সুপারিশের ভিত্তিতে কোন ব্যতিক্রমী পরিস্থিতিতে পদোন্নতির জন্য তফসিল-২ তে বর্ণিত অভিজ্ঞতার জন্য নির্ধারিত সময়সীমা শিথিল করিতে পারিবেন।

**বিশ্লেষণ** : বর্তমানে কাউন্সিল কমিটি না থাকায় উক্ত দায়িত্ব এস এস বি পালন করিয়া থাকে।

(বি) সরকার কোন চাকরির নির্ধারিত পদে অধিষ্ঠিত কর্মকর্তাকে প্রেষণে অন্য একটি চাকরির নির্ধারিত পদে নিয়োগ করিতে পারিবেন।

(সি) প্রয়োগ নাই।

**বিশ্লেষণ** : আই এম এস সার্ভিসের সদস্যদের আত্মীকরণের উদ্দেশ্যে S.R.O. 374-L/82, তারিখ : ৪ নভেম্বর, ১৯৮২ দ্বারা (সি) অনুচ্ছেদ সংযোজন করা হয়।

(ডি) বি সি এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের যে সকল কর্মকর্তার চাকরির মেয়াদ ৩১ জুলাই, ১৯৯১ তারিখে পাঁচ বৎসর পূর্ণ হইয়াছে, তাঁহাদের সিনিয়র স্কেলের পদে পদোন্নতি প্রদানের ক্ষেত্রে এই বিধিমালার বিধি-৫(বি) ও ৭(২) তে আরোপিত শর্তাদি এককালীন শিথিল করা যাইবে।

**বিশ্লেষণ** : এস আর ও ২৯২-আইন/৯১সম(বিধি-৪)আর আর-২/৯১, তারিখ : ৬ অক্টোবর, ১৯৯১ দ্বারা অনুচ্ছেদ (ডি) সংযোজন করা হয়।

(ই) বি সি এস (কারিগরি শিক্ষা), বি সি এস (সমবায়), বি সি এস (জনস্বাস্থ্য প্রকৌশল), বি সি এস (পরিবার পরিকল্পনা) ক্যাডারের চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর ৪৮০০-৭২৫০/- টাকা বেতন স্কেলের অথবা উহার সাদৃশ্য স্কেলের যে সকল পদ ৩১ ডিসেম্বর, ১৯৯২ তারিখে অথবা তদপূর্বে শূন্য হইয়াছে, ঐ সকল পদে উল্লেখিত ক্যাডারসমূহের সদস্যদের পদোন্নতি প্রদানের ক্ষেত্রে বিধি-৫ এর অনুচ্ছেদ (বি) এবং বিধি ৭ এর উপবিধি-(১)(এ) ও (২) তে বর্ণিত বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার শর্ত হইতেও অব্যাহতি পাইবে।

(এফ) কোন ব্যক্তির পঞ্চাশ বৎসর বয়স পূর্ণ হইলে বিধি-৫ এর (বি) অনুচ্ছেদের শর্ত হইতে অব্যাহতি পাইবেন।

(জি) কোন ব্যক্তির–

(ii) চাকরিতে প্রারম্ভিক নিয়োগপ্রাপ্তির সময়ে বা তদপূর্বে পঞ্চাশ বৎসর বয়স পূর্ণ হইলে, অথবা

(ii) শিক্ষানবিশকালে বা শিক্ষানবিশীর মেয়াদ শেষ হওয়ার এক বৎসরের মধ্যে পঞ্চাশ বৎসর বয়স পূর্ণ হইলে চাকরিতে স্থায়ী হওয়ার জন্য এই বিধিমালার ৭(১)(এ) এবং (২) উপবিধির শর্তানুসারে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রয়োজন হইবে না।



**বিশ্লেষণ** : এস আর ও নং ১৩০-আইন/৯৩-সম(বিধি-৪)আর আর-৬০/৯৩, তারিখ : ৪ জুলাই, ১৯৯৩ এর দ্বারা নতুন অনুচ্ছেদ (ই), (এফ) ও (জি) সংযোজন করা হয় এবং (ই) অনুচ্ছেদটি এস আর ও ৩৩৮-আইন/৯৪, সম (বিধি-৪) আর আর-১৪/৮৮(অংশ-১), তারিখ : ৩ ডিসেম্বর, ১৯৯৪ এবং এস আর ও নং ১৭৮/আইন/৯৫, সম(বিধি-৪)-বিবিধ-৩৩/৯৫, তারিখ : ৯ অক্টোবর, ১৯৯৫ দ্বারা সংশোধন করা হয়।

(এইচ) বি সি এস (স্বাস্থ্য) ক্যাডারের কোন কর্মকর্তা ৫ ডিসেম্বর, ১৯৯১ তারিখে বা তদপূর্বে নিয়োগপ্রাপ্ত হইলে–

(i) চাকরিতে স্থায়ী হওয়ার জন্য এই বিধিমালার ৭(১)(এ) ও (২) নং উপবিধির শর্তানুসারে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রয়োজন হইবে না; এবং

(ii) উপরের (i) নং উপ-অনুচ্ছেদের শিথিলকরণের কারণে বিধি-৭ এর অধীনে স্থায়ী হওয়ার পর চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর ৪৮০০-৭২৫০/- টাকা বেতন স্কেলের বা উহার সাদৃশ্য স্কেলের পদে পদোন্নতির জন্য বিধি-৫(বি) এর শর্ত হইতে অব্যাহতিপ্রাপ্ত মর্মে গণ্য হইবে।

**বিশ্লেষণ** : এস আর ও ৩৩৮-আইন/৯৪, সম (বিধি-৪) আর আর-১৪/৮৮(অংশ-১), তারিখ : ৩ ডিসেম্বর, ১৯৯৪ দ্বারা অনুচ্ছেদ (এইচ) সংযোজন করা হয়।)

(আই) বি সি এস (গণপূর্ত), বি সি এস (সড়ক ও জনপথ), বি সি এস (পরিসংখ্যান) এবং বি সি এস (জনস্বাস্থ্য প্রকৌশল) এর সদস্যগণের যাহারা ১০ এপ্রিল, ১৯৯৪ তারিখের মধ্যে বা পূর্বে ১৪ বৎসর চাকরিকাল পূর্ণ করিয়াছে-

(i) তাঁহাদের চাকরিতে স্থায়ী হওয়ার জন্য বিধি-৭(১)(এ) ও (২) উপ-বিধির শর্তানুসারে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণের ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রয়োজন হইবে না; এবং

(ii) উপরের (i) নং উপ-অনুচ্ছেদের শিথিলকরণের কারণে বিধি-৭ এর অধীনে স্থায়ী হওয়ার পর চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর ৪৮০০-৭২৫০/-টাকা বেতন স্কেলের বা উহার সাদৃশ্য স্কেলের পদে পদোন্নতির জন্য বিধি-৫(বি) এর শর্ত হইতে অব্যাহতি প্রাপ্ত মর্মে গণ্য হইবে।

**বিশ্লেষণ** : এস আর ও ১৭৮/আইন/৯৫, সম (বিধি-৪)-বিবিধ-৩৩/৯৫, তারিখ ৯ অক্টোবর, ১৯৯৫ দ্বারা সংযোজন করা হয় এবং এস আর ও ১৮-আইন/৯৯, সম (বিধি-৫) আর আর-৯৮/৯৮, তারিখ : ৩ ফেব্রুয়ারি, ১৯৯৯ দ্বারা সংশোধন করা হয়।)

(জে) বি সি এস (আনসার), বি সি এস (তথ্য), বি সি এস (গণপূর্ত), বি সি এস (সড়ক ও জনপথ), বি সি এস (পরিসংখ্যান) এবং বি সি এস (কারিগরী শিক্ষা) এর যে সকল সদস্য সংশ্লিষ্ট বিভাগীয় পরীক্ষা বিধিমালা প্রযোজ্য হওয়ার তারিখে বা তদপূর্বে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন-

(i) তাঁহাদের চাকরিতে স্থায়ী হওয়ার জন্য বিধি-৭ (১)(এ) ও (২) উপ-বিধির শর্তানুসারে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রয়োজন হইবে না; এবং

(ii) উপরের (i) নং উপ-অনুচ্ছেদের শিথিলকরণের কারণে বিধি-৭ এর অধীনে স্থায়ী হওয়ার পর চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এর ৪৮০০-৭২৫০/-টাকা বেতন স্কেলের বা উহার সাদৃশ্য স্কেলের পদে পদোন্নতির জন্য বিধি-৫(বি) এর শর্ত হইতে অব্যাহতি প্রাপ্ত মর্মে গণ্য হইবে।

**বিশ্লেষণ** : এস আর ও ৬৮/আইন/৯৮, সম (বিধি-৫)-বিবিধ-৩৩/৯৮, তারিখ : ৩০ এপ্রিল, ১৯৯৮ দ্বারা অনুচ্ছেদ (আই) সংযোজন করা হয়।

৯-১১। প্রয়োগ নাই।

---